গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
মৎস্য-২ শাখা

**জাটকা সংরক্ষণ সপ্তাহ-২০২৬ উদ্‌যাপনের নিমিত্ত ইলিশ সম্পদ উন্নয়ন সংক্রান্ত জাতীয় টাস্কফোর্স কমিটির সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোহাম্মদ আমিন উর রশিদ<br>মাননীয় মন্ত্রী<br>মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ০৮ মার্চ, ২০২৬ খ্রি. |
| সময় | : | ১২.০০ ঘটিকা |
| স্থান | : | সম্মেলন কক্ষ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। |

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট "ক"

সভার শুরুতে সভাপতি ইলিশ সম্পদ উন্নয়ন সংক্রান্ত জাতীয় টাস্কফোর্স কমিটির উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানান। সভাপতির অনুমতিক্রমে, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব (রুটিন দ্বায়িত্ব) জনাব ইমাম উদ্দিন কবীর সভার প্রেক্ষাপট তুলে ধরে বলেন, জাটকা সমৃদ্ধ নদ-নদীতে মার্চ ও এপ্রিল মাসে জাটকার প্রাচুর্যতা দেখা যায় এবং জাটকার জন্য ৫ টি অভয়াশ্রমে মার্চ ও এপ্রিল ০২ (দুই) মাস জাটকাসহ সকল প্রকার মাছ আহরণ সম্পূর্ণ নিষিদ্ধ থাকে। এ সময় নদ-নদীতে জাটকার আধিক্য বেশি থাকায় জেলেসহ সকল মৎস্যজীবী ও জনসাধারণের কাছে ইলিশ তথা মৎস্য সম্পদের উন্নয়নে অবৈধ জাল ব্যবহারের ক্ষতিকর দিক ও জাটকা রক্ষার গুরুত্ব তুলে ধরতে ২০০৭ সাল থেকে প্রতিবছর জাটকা সংরক্ষণ সপ্তাহ উদযাপিত হয়ে আসছে। জাটকা সংরক্ষণ সপ্তাহে উদ্বোধনী সমাবেশ, নৌ-র‍্যালি ও আলোচনা অনুষ্ঠান আয়োজন, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় জাটকা রক্ষার গুরুত্ব বিষয়ে টকশো, টিভিসি, স্ক্রল প্রচারসহ ব্যাপক প্রচার-প্রচারণা, পোস্টার লিফলেট বিতরণ, জেলে/মৎস্যজীবীদের নিয়ে ক্রীড়া প্রতিযোগিতা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও আলোচনা সভা আয়োজন এবং জাটকা রক্ষায় মোবাইল কোর্ট/অভিযান পরিচালিত হয়ে থাকে। তিনি জানান যে বিগত বছরগুলোর ন্যায় ২০২৬ সালেও "জাটকা সংরক্ষণ সপ্তাহ-২০২৬" উদ্‌যাপন করা প্রয়োজন।

অত:পর তিনি সভায় আলোচ্যসূচী উপস্থাপনের জন্য জনাব মোঃ আবুল কালাম আজাদ, উপপরিচালক (চলতি দায়িত্ব), ইলিশ ব্যবস্থাপনা শাখা, মৎস্য অধিদপ্তরকে আহবান জানান।

০২। উপপরিচালক (ইলিশ ব্যবস্থাপনা), মৎস্য অধিদপ্তর সভায় বিগত বছরগুলোতে জাটকা সংরক্ষণ সপ্তাহ উদ্বোধন অনুষ্ঠান ও নৌ-র‍্যালি আয়োজনের তারিখ, স্লোগান ও স্থান সংক্রান্ত তথ্য এবং এ বছরের সম্ভাব্য স্থান, তারিখ ও স্লোগান উপস্থাপন করেন। তিনি জানান, ২০২৫ সালে মোট ২০ টি জেলায় ০৮-১৪ এপ্রিল, ২০২৫ পর্যন্ত জাটকা সংরক্ষণ সপ্তাহ উদযাপিত হয় এবং বরিশাল সদর উপজেলায় কেন্দ্রীয় উদ্বোধন অনুষ্ঠান ও নৌ-র‍্যালির আয়োজন করা হয়। এ বছর পবিত্র রমজান এবং ঈদ-উল-ফিতরের ছুটির কারণে মার্চ মাসে অনুষ্ঠানটি আয়োজন করা সম্ভব হচ্ছে না বিধায় এপ্রিল মাসে জাটকা সংরক্ষণ সপ্তাহ-২০২৬ আয়োজনের প্রস্তাব করা হয়েছে। তিনি মৎস্য অধিদপ্তরের মাঠপর্যায় হতে প্রাপ্ত ২৬ টি খসড়া স্লোগান সভায় উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনা শেষে, আগামী ০৭-১৩ এপ্রিল, ২০২৬ তারিখ "জাটকা সংরক্ষণ সপ্তাহ-২০২৬" উদ্‌যাপনের বিষয়ে এবং অনুষ্ঠানের উদ্দেশ্যের সাথে সঙ্গতিপূর্ণ হওয়ায় **"জাটকা ধরা থামাই যদি, ইলিশে ভরবে সাগর-নদী"** স্লোগানটি এ বছর জাটকা সংরক্ষণ সপ্তাহের

প্রতিপাদ্য হিসেবে নির্বাচন করার বিষয়ে সভায় উপস্থিত সদস্যবৃন্দ একমত পোষণ করেন। এরপর "জাটকা সংরক্ষণ সপ্তাহ- ২০২৬" এর বিস্তারিত কর্মসূচি সভায় উপস্থাপন করা হয়।

০৩। জাটকা সংরক্ষণ সপ্তাহ-২০২৬ উদ্‌যাপন উপলক্ষ্যে উদ্বোধন অনুষ্ঠানের স্থান নির্বাচনসহ আনুষঙ্গিক বিষয়ের আলোচনায় জনাব মোঃ বাবুল হোসেন, সাধারণ সম্পাদক, বাংলাদেশ ক্ষুদ্র মৎস্যজীবী জেলে সমিতি, জনাব মোঃ সোলাইমান, সভাপতি, বাংলাদেশ জাতীয় মৎস্যজীবী সমবায় সমিতি লি., অতিরিক্ত সচিব (মৎস্য), অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন্স ও প্রশিক্ষণ), বিজিবি, পরিচালক (নৌ অপারেশন্স), বাংলাদেশ নৌবাহিনী, পরিচালক (অপারেশন্স), বাংলাদেশ কোস্টগার্ড, ডিআইজি, নৌপুলিশ, নির্বাহী পরিচালক, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য পরিদর্শন ও মান নিয়ন্ত্রণ), মৎস্য অধিদপ্তর, প্রকল্প পরিচালক, ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্প, সহকারী পরিচালক (প্রশাসন),বিআইডব্লিউটিএ অংশগ্রহণ করেন।

০৪। বিবেক দিয়ে কাজ করা হলে আগামী প্রজন্মকে একটি সুন্দর পৃথিবী উপহার দেয়া সম্ভব মর্মে সভাপতি আশাবাদ ব্যক্ত করেন। তিনি জাটকা সংরক্ষণের সরকারি উদ্যোগের পাশাপাশি কোন বাজার বা আড়তে জাটকা যাতে বিক্রি না হয় সেটি নিশ্চিত করার জন্য মৎস্যজীবী এবং আড়তদার সমিতিকেও সচেতন থাকার অনুরোধ করেন। সভাপতি কর্তৃক জাটকার প্রাপ্যতার আধিক্য সম্পর্কে জানতে চাওয়া হলে প্রকল্প পরিচালক, ইলিশ সম্পদ উন্নয়ন ব্যবস্থাপনা প্রকল্প বলেন যে চাঁদপুরের সদর ও হাইমচর এবং বরিশালের মেহেন্দীগঞ্জে জাটকা সবচেয়ে বেশি পাওয়া যায়। অধিক জাটকা পাওয়া যায়, এরূপ এলাকায় নিষিদ্ধ সময়ে মাছ ধরার বিষয়ে জিরো টলারেন্স দেখানোর জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।

০৫। বাংলাদেশ নৌবাহিনীর প্রতিনিধি জানান জাহাজ নোঙ্গর করার জন্য চাঁদপুরে একটি পল্টুন আছে যা যথেষ্ট নয় বিধায় আরেকটি পল্টুন প্রয়োজন। এ বিষয়ে বিআইডব্লিউটিএ এর প্রতিনিধি জানান এই চাহিদা চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ বরাবর লিখিতভাবে জানানো হবে এবং পরবর্তীতে এ বিষয়ে লিখিতভাবে অবহিত করা হবে।

০৬। জাতীয় মৎস্যজীবী সমবায় সমিতি লি. এর সভাপতি বলেন জাটকা যেন জেলেরা না ধরে তার জন্য সচেতনতা সৃষ্টি করতে হবে, এর জন্য বেশি করে সমাবেশ ও উদ্বুদ্ধকরণ সভা করতে হবে যেখানে সংশ্লিষ্ট সংসদ সদস্য ও জনপ্রতিনিধিগণ থাকবেন।

০৭। বিস্তারিত আলোচনান্তে সভায় সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক) আগামী ০৭-১৩ এপ্রিল, ২০২৬ তারিখে ঢাকা, মানিকগঞ্জ, রাজবাড়ী, ফরিদপুর, মাদারীপুর, শরীয়তপুর, মুন্সীগঞ্জ, ভোলা, পটুয়াখালী, বরিশাল, পিরোজপুর, বরগুনা, ঝালকাঠি, চাঁদপুর, লক্ষীপুর, ফেনী, নোয়াখালী, চট্টগ্রাম, বাগেরহাট ও সিরাজগঞ্জসহ মোট ২০টি জেলায় "জাটকা সংরক্ষণ সপ্তাহ-২০২৬" উদ্‌যাপিত হবে;

খ) 'জাটকা সংরক্ষণ সপ্তাহ-২০২৬' এর প্রতিপাদ্য হবে **"জাটকা ধরা থামাই যদি, ইলিশে ভরবে সাগর-নদী";**

গ) চাঁদপুর সদর, মোলহেড এ আগামী ০৭ এপ্রিল, ২০২৬ সকাল ১১.০০ টায় জাটকা সংরক্ষণ সপ্তাহ-২০২৬ এর কেন্দ্রীয় উদ্বোধন অনুষ্ঠান ও সংলগ্ন নদীতে নৌ-র‍্যালির আয়োজন করা হবে;

ঘ) জাটকা সংরক্ষণ সপ্তাহ-২০২৬ এর উদ্বোধন অনুষ্ঠানের আগের দিন অর্থাৎ আগামী ০৬ এপ্রিল, ২০২৬ সকাল ১১.০০ টায় মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ও মাননীয় প্রতিমন্ত্রী সংবাদ সম্মেলনের মাধ্যমে জাটকা সংরক্ষণ সপ্তাহ-২০২৬ এর তারিখ, গৃহীত কর্মসূচি ও জাটকা সংরক্ষণের গুরুত্ব দেশবাসীকে অবহিত করবেন;

ঙ) জেলা পর্যায়ে "জাটকা সংরক্ষণ সপ্তাহ-২০২৬" উদ্বোধন অনুষ্ঠান আয়োজনের জন্য মৎস্য অধিদপ্তর কর্তৃক ১৯ টি জেলার প্রতিটি থেকে ০১ টি করে উপজেলা নির্বাচন করতে হবে;

চ) যেসব জেলা/উপজেলায় বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশনের (বিএফডিসি) এর মৎস্য অবতরণ কেন্দ্র আছে সেখানে মৎস্য অধিদপ্তর বিএফডিসির সাথে সমন্বয় করে অনুষ্ঠান পরিচালনা করবে;

ছ) মৎস্য অধিদপ্তর এবং মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর টিভিসি কনটেন্ট তৈরি এবং টেলিভিশন, রেডিও, ইউটিউব, ফেসবুকে প্রচারের ব্যবস্থা করবে;

জ) জাটকা সংরক্ষণ সপ্তাহ-২০২৬ উপলক্ষ্যে মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর টেলিভিশন ও রেডিওতে আলোচনা সভা আয়োজনের ব্যবস্থা গ্রহণ করবে;

ঝ) মৎস্য অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরীর গুরুত্বপূর্ণ স্থান ও সড়কদ্বীপ (বিজয় সরণি, মৎস্য ভবন, প্রেসক্লাব, সচিবালয়) সপ্তাহব্যাপী সজ্জিতকরণ করা হবে;

ঞ) কোনো বাজার বা আড়তে যাতে জাটকা বিক্রি না হয় সে বিষয়টি মৎস্যজীবী ও আড়ৎদার সমিতি যৌথভাবে তদারক করবে;

ট) সাত দিনব্যাপী জাটকা সমৃদ্ধ এলাকার মসজিদ, মন্দির ও অন্যান্য ধর্মীয় উপসনালয়ে জাটকা আহরণ/ক্রয়/বিক্রয়/পরিবহন/ভক্ষণ ইত্যাদি থেকে বিরত থাকার বিষয়ে সাধারণ জনগণকে সচেতন করার লক্ষ্যে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য ধর্ম মন্ত্রণালয়কে অনুরোধ করে পত্র প্রেরণ করতে হবে;

ঠ) 'জাটকা সংরক্ষণ সপ্তাহ- ২০২৬' উদ্‌যাপনের নিমিত্ত প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসকবৃন্দকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য মন্ত্রিপরিষদ বিভাগকে অনুরোধ করে পত্র প্রেরণ করতে হবে;

ড) মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এবং মৎস্য অধিদপ্তর জাটকা নিধন বন্ধে গৃহীত কার্যক্রমসমূহ এবং 'জাটকা সংরক্ষণ সপ্তাহ- ২০২৬' এ মাঠ পর্যায়ের কর্মসূচি নিবিড়ভাবে মনিটর করবে;

ঢ) জাহাজ নোঙ্গর করার জন্য চাঁদপুরে অতিরিক্ত একটি পল্টুন স্থাপনের প্রয়োজনীয়তার যৌক্তিকতা ব্যাখ্যা করে বাংলাদেশ নৌবাহিনী বিআইডব্লিউটিএ কে পত্র প্রেরণ করতে পারে;

ণ) জাটকা রক্ষার গুরুত্ব তুলে ধরে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় ব্যাপক প্রচার এবং সপ্তাহ উদ্‌যাপনের জন্য তথ্য/শ্লোগান সরকারি ও বেসরকারি টেলিভিশনে স্ক্রল আকারে প্রচারের জন্য তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এবং শ্লোগানটি মোবাইল ফোনে এসএমএস এর মাধ্যমে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগে পত্র প্রেরণ করতে হবে;

ত) জাটকা সংরক্ষণ বিষয়ক আলোচনা বাংলাদেশ টেলিভিশনসহ বিভিন্ন প্রচার মাধ্যমে প্রচারের লক্ষ্যে অনুষ্ঠানাদির রেকর্ডিংসহ অন্যান্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ বিষয়ে উপপরিচালক, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর সমন্বয়কের দায়িত্ব পালন করবেন। মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা তাঁকে সর্বাত্মক সহযোগিতা করবেন এবং মৎস্য অধিদপ্তর প্রচারের জন্য প্রয়োজনীয় লিফলেট ও ফোল্ডার তৈরীপূর্বক মাঠ পর্যায়ে বিতরণের ব্যবস্থা গ্রহণ করবে;

থ) নৌ-র‍্যালিতে অংশগ্রহণের জন্য বাংলাদেশ নৌ-বাহিনী, কোষ্টগার্ড, নৌ-পুলিশ এবং বাংলাদেশ মৎস্য গবেষণা ইনিস্টিটিউট সুসজ্জিত নৌযান সরবরাহ করবে।

দ) জাটকা সংরক্ষণ সপ্তাহ-২০২৬ উদ্‌যাপন উপলক্ষ্যে নিম্নোক্তভাবে কেন্দ্রীয় ও জেলা/উপজেলাসমূহের কর্মসূচি বাস্তবায়িত করতে হবে:

**জাটকা সংরক্ষণ সপ্তাহ-২০২৬ উদযাপন উপলক্ষ্যে ০৭-১৩ এপ্রিল কেন্দ্রীয় কর্মসূচী**

| দিন, তারিখ ও সময় | কার্যক্রম | বাস্তবায়নকারী সংস্থা/দপ্তর | স্থান/মন্তব্য |
|---|---|---|---|
| ১ম দিন<br>০৭/০৪/২৬ | ক) জাতীয় দৈনিক পত্রিকায় জাটকা সংরক্ষণ বিষয়ক গণবিজ্ঞপ্তি প্রকাশ;<br>খ) মাননীয় মন্ত্রী ও মাননীয় প্রতিমন্ত্রী মহোদয় কর্তৃক জাটকা সংরক্ষণ সপ্তাহ-২০২৬ এর আনুষ্ঠানিক উদ্বোধন ঘোষণা;<br>গ) জাটকা সংরক্ষণ সপ্তাহ উপলক্ষ্যে নৌ-র‌্যালির আয়োজন স্থান : চাঁদপুর সদর, মোলহেড | • মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় সার্বিক সহযোগিতা প্রদান<br>• মৎস্য অধিদপ্তর<br>• জেলা প্রশাসক (সংশ্লিষ্ট জেলা)<br>• উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট উপজেলা)<br>• উপপরিচালক, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর<br>• জেলা মৎস্য কর্মকর্তা (সংশ্লিষ্ট জেলা)<br>• বাংলাদেশ কোস্ট গার্ড, বাংলাদেশ নৌ-বাহিনী, পুলিশ, নৌ-পুলিশ ও সংশ্লিষ্ট অন্যান্য সংস্থা। | নির্বাচিত জেলা এবং এর আশেপাশের জেলা থেকে জেলেরা উপস্থিত হয়ে উদ্বোধনী সমাবেশ ও নৌর‌্যালি সাফল্যমন্ডিত করবে। |
| ২য় দিন<br>০৮/০৪/২৬ | জাটকা সংরক্ষণ বিষয়ক ভিডিও চিত্র প্রদর্শনী ও প্রচার প্রচারণা। | • পরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা<br>• জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, ঢাকা<br>• মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর | ঢাকা শহরের বিভিন্ন গুরুত্বপূর্ণ মাছ বাজারসহ অন্যান্য জনবহুল ৭-৮টি স্থানে প্রচারণা (যাত্রাবাড়ী, সোয়ারীঘাট, বাহাদুর শাহ পার্ক, কারওয়ান বাজারসহ) |
| ৩য় দিন<br>০৯/০৪/২৬ | বাংলাদেশ টেলিভিশনসহ বেসরকারি টিভি চ্যানেলে জাটকা সংরক্ষণ বিষয়ক আলোচনা অনুষ্ঠান। | • মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়<br>• মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ<br>• বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন<br>• মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর<br>• বাংলাদেশ টেলিভিশন | বিটিভি/ অন্যান্য বেসরকারি টিভি চ্যানেলে প্রচার |
| | ট্রাক যোগে ঢাকা শহরের গুরুত্বপূর্ণ মৎস্য অবতরণ কেন্দ্র, আড়ৎ, মাছ বাজার ও জনাকীর্ণ বিভিন্ন পয়েন্টে জাটকা সংরক্ষণ আইন বিষয়ে প্রচারণা ও অভিযান পরিচালনা। | • পরিচালকের দপ্তর, মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা<br>• জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, ঢাকা<br>• মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর | স্থান-ঢাকা শহরের বিভিন্ন গুরুত্বপূর্ণ মাছ অবতরণ কেন্দ্র, মাছের আড়ৎ, বাজারসহ। |

| দিন, তারিখ ও সময় | কার্যক্রম | বাস্তবায়নকারী সংস্থা/দপ্তর | স্থান/মন্তব্য |
|---|---|---|---|
| ৪র্থ দিন<br>১০/০৪/২৬ | বাংলাদেশ বেতারে জাটকা সংরক্ষণ বিষয়ক আলোচনা অনুষ্ঠান। | • মৎস্য অধিদপ্তর<br>• বাংলাদেশ মৎস্য গবেষণা ইনিস্টিটিউট | বাংলাদেশ বেতারসহ অন্যান্য বেসরকারি জনপ্রিয় রেডিও চ্যানেলে প্রচার। |
| ৫ম দিন<br>১১/০৪/২৬ | ইলিশ বিষয়ক কর্মশালা | • বাংলাদেশ মৎস্য গবেষণা ইনিস্টিটিউট | বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল মিলানায়তন, খামারবাড়ী, ঢাকা। |
| ৬ষ্ঠ দিন<br>১২/০৪/২৬ | জাটকা সংরক্ষণে অভিযান/ মোবাইল কোর্ট পরিচালনা | • পরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা<br>• জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, ঢাকা। | ঢাকা শহরের বিভিন্ন গুরুত্বপূর্ণ মৎস্য বাজার। |
| ৭ম দিন<br>১৩/০৪/২৬ | বিশেষ সচেতনতামূলক কার্যক্রম | • পরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা<br>• জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, ঢাকা। | ঢাকা মহানগরের বিভিন্ন আড়ৎ, বাজার ও মৎস্য অবতরণ কেন্দ্র। |

**উল্লেখ্য:** 'জাটকা সংরক্ষণ সপ্তাহ- ২০২৬' উদ্‌যাপনে ০৭-১৩ এপ্রিল ০৭ (সাত) দিন ঢাকা মহানগরীর সকল বাজার, আড়ৎ ও মাছঘাটে মোবাইল কোর্ট/অভিযান চলমান থাকবে।

**জাটকা সমৃদ্ধ জেলা/উপজেলাসমূহের 'জাটকা সংরক্ষণ সপ্তাহ-২০২৬' নিম্নোক্তভাবে কর্মসূচী:**

| দিন ও তারিখ | কার্যক্রম | বাস্তবায়নকারী | স্থান/মন্তব্য |
|---|---|---|---|
| ১ম দিন<br>০৭/০৪/২৬ | জাটকা সংরক্ষণ সপ্তাহ ২০২৬ এর শুভ উদ্বোধনের মাধ্যমে স্থানীয় প্রশাসন, জনপ্রতিনিধি, জেলে ও অংশীজনের সমন্বয়ে আলোচনা অনুষ্ঠান, র‍্যালি/ নৌ-র‍্যালি | জাটকা সংরক্ষণ সংক্রান্ত "জেলা/উপজেলা টাস্কফোর্স কমিটি" | স্থানীয় কমিটি কর্তৃক নির্ধারিত স্থান (সংশ্লিষ্ট ১৯ টি জেলা ও এর উপজেলাসমূহ)। |
| ২য় ও ৩য় দিন<br>০৮/০৪/২৬<br>ও<br>০৯/০৪/২৬ | ক) স্থানীয় বাজার, জেলেপল্লী ও মাছঘাটে ভিডিও প্রামাণ্যচিত্র প্রদর্শন;<br><br>খ) জনসচেতনতামূলক কার্যক্রম পরিচালনা। | জাটকা সংরক্ষণ সংক্রান্ত "জেলা/উপজেলা টাস্কফোর্স কমিটি" | জনসমাগম হয় এমন স্থান |
| ৪র্থ দিন<br>১০/০৪/২৬ | ক) হাট বাজারে প্রচারণা;<br>খ) জেলেদের মধ্যে ক্রীড়া প্রতিযোগিতা (নৌকা বাইচ, হাডুডু, সাঁতার ইত্যাদি) | জাটকা সংরক্ষণ সংক্রান্ত "জেলা/উপজেলা টাস্কফোর্স কমিটি" | স্থানীয় কমিটি কর্তৃক নির্ধারিত স্থানে |

| দিন ও তারিখ | কার্যক্রম | বাস্তবায়নকারী | স্থান/মন্তব্য |
|---|---|---|---|
| ৫ম ও ৬ষ্ঠ দিন<br>১১/০৪/২৬<br>ও<br>১২/০৪/২৬ | মৎস্যজীবী জেলে পল্লীতে জাটকা সংরক্ষণ বিষয়ক সচেতনতা ও উদ্বুদ্ধকরণ সমাবেশ/ পথ নাটক/ আঞ্চলিক সংগীত/ লোক সংগীত ইত্যাদি | জাটকা সংরক্ষণ সংক্রান্ত "জেলা/উপজেলা টাস্কফোর্স কমিটি" | স্থানীয় কমিটি কর্তৃক নির্ধারিত স্থানে |
| ৭ম দিন<br>১৩/০৪/২৬ | জাটকা রক্ষায় সমন্বিত বিশেষ সচেতনতা সভা | জাটকা সংরক্ষণ সংক্রান্ত "জেলা/উপজেলা টাস্কফোর্স কমিটি" | স্থানীয় কমিটি কর্তৃক নির্ধারিত স্থানে |

**উল্লেখ্য:**

- ১ম দিনের কর্মসূচি ব্যতীত স্থানীয় অবস্থার নিরিখে কর্মসূচির ধরণ অক্ষুন্ন রেখে জেলা/উপজেলা পর্যায়ে বাস্তবায়নের দিন/তারিখ পরিবর্তনযোগ্য;
- জাটকা সংরক্ষণ সপ্তাহ ২০২৬ শুরুর সাত দিন পূর্ব থেকে সপ্তাহব্যাপী মাইকিং, লিফলেট বিতরণ, ভিডিও প্রদর্শন ও স্থানীয় পত্র/পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশ ইত্যাদি প্রচার-প্রচারণা কার্যক্রম চলবে;
- চলমান কার্যক্রমের অংশ হিসেবে সাতদিনব্যাপী জাটকা রক্ষায় মোবাইল কোর্ট/অভিযান অব্যাহত থাকবে।

০৮। পরিশেষে মাননীয় প্রতিমন্ত্রী সমাপনী বক্তব্যে বলেন, সভার সিদ্ধান্ত মোতাবেক জাটকা সংরক্ষণ সপ্তাহ উদ্‌যাপন হবে। জাটকা রক্ষায় উদ্বুদ্ধকরণ বিষয়ে জোর দিতে হবে। ভবিষ্যতে আরো যেন ভালোভাবে জাটকা সংরক্ষণ সপ্তাহ উদ্‌যাপন করা যায় সে প্রত্যাশা রেখে মাননীয় মন্ত্রী মহোদয়কে সভার সমাপ্তি ঘোষণা করার অনুরোধ জানান। সভাপতি মহোদয় জাটকা রক্ষার মাধ্যমে দেশের ইলিশ সম্পদ উন্নয়নের জন্য সংশ্লিষ্ট সকলকে স্ব স্ব দায়িত্ব যথাযথভাবে পালনের অনুরোধ জানান। তিনি আসন্ন 'জাটকা সংরক্ষণ সপ্তাহ-২০২৬' সাফল্যমন্ডিত করার লক্ষ্যে সকলের সহযোগিতা কামনা করে সক্রিয় অংশগ্রহণের জন্য সকলকে পুনরায় ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২২/৩/২৬

মোহাম্মদ আমিন উর রশিদ
মাননীয় মন্ত্রী
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়